গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

নং-৪৯.০১.০০০০.০২০.৩১.০৫০(৪).১৬. ১৪৫২ তারিখ- ১৫/০৬/২০১৬খ্রিঃ

বিজ্ঞপ্তি

জনশক্তি প্রেরণকারী সকল লাইসেন্সধারী রিক্রুটিং এজেন্সীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসআরও নং ২০৭/আইন, তারিখ ২৭/০৮/২০০৭খ্রিঃ (রিক্রুটিং এজেন্ট আচরণ ও লাইসেন্স বিধিমালা, ২০০২) এর বিধি ৫ এর উপ বিধি-৩ এর সংশোধনী এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ অনুযায়ী যে সকল রিক্রুটিং এজেন্সীর লাইসেন্সের মেয়াদ আগামী ৩১/১২/২০১৬খ্রিঃ তারিখে উত্তীর্ণ হবে ঐ সকল রিক্রুটিং এজেন্সীর লাইসেন্স ০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০১৯খ্রিঃ মেয়াদে ০৩(তিন) বছরের জন্য নবায়নের নিমিত্ত নির্ধারিত ফরমে (ফরম-৩) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক এর বরাবরে আগামী ৩০ নভেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র অবশ্যই দাখিল করতে হবে। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ কার্যকর হওয়ার পর ইস্যুকৃত লাইসেন্সসমূহের মেয়াদ উত্তীর্ণের ৩০ দিন পূর্বেই সরকার নির্ধারিত ফি ও ভ্যাটসহ লাইসেন্স নবায়নের জন্য মহাপরিচালক, বিএমইটি, ঢাকা বরাবরে আবেদন দাখিল করতে হবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ০৩/১২/২০১৩খ্রিঃ তারিখের স্মারক নং-৪৯.০০৪.০১১.০০.০০. ০১১.২০১৩-৪৬ অনুযায়ী মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর বরাবরে নবায়ন ফি বাবদ ৬০,০০০/-(ষাট হাজার) টাকা ও নবায়ন ফি'র ওপর ধার্যকৃত ১৫% ভ্যাট বাবদ ৯,০০০/-(নয় হাজার) টাকার পৃথক দু'টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, লাইসেন্সের সত্যায়িত ফটোকপি এবং রিক্রুটিং এজেন্সীর বিগত ০৫(পাঁচ) বছরের (প্রযোজ্য ক্ষেত্রে) কর্মকান্ডের প্রতিবেদনের ২(দুই) কপি আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। লাইসেন্স নবায়নের আবেদনের সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর দাখিলকৃত আবেদনের সাথে নির্ধারিত নবায়ন ফি এর ওপর ১০০% বিলম্ব ফি ও ভ্যাট প্রযোজ্য হবে। এ সম্পর্কে বিস্তারিত তথ্য এবং নির্ধারিত ফরমসমূহ ব্যুরোর কর্মসংস্থান শাখা (প্রবাসী কল্যাণ ভবন এর ১১ তম তলা) হতে যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করা যাবে। উক্ত আবেদন ফরম ব্যুরোর ওয়েব সাইটেও (www.bmet.gov.bd) বা (www.bmet. org.bd) পাওয়া যাবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৫/০৭/২০০৭ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-প্রকবৈকম-৫/বিবিধ-৬/২০০২/১৩০২ মোতাবেক সকল রিক্রুটিং এজেন্সীর জামানত পুনঃনির্ধারণপূর্বক ১৫,০০,০০০/-(পনের লক্ষ) টাকা ধার্য করা হয়েছে, যা ০১/০৭/২০০৭খ্রিঃ তারিখ হতে কার্যকর। সরকারের বিশেষ বিবেচনায় প্রদত্ত শর্তানুযায়ী রিক্রুটিং এজেন্সীসমূহের দাখিলকৃত অংগীকারনামা মোতাবেক ২০১৭-২০১৯ খ্রিঃ মেয়াদে লাইসেন্স নবায়নের আবেদনের সাথে জামানত বাবদ ক্যাশ সিকিউরিটি (মহাপরিচালক, বিএমইটি, ঢাকা বরাবরে পে-অর্ডারের মাধ্যমে) হিসেবে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলি ব্যাংক হতে ০৩(তিন) বছর মেয়াদী স্থায়ী আমানত বাবদ ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা (মহাপরিচালক, বিএমইটি, ঢাকা এর নামে লিয়েন মার্ক করে) সহ মোট ৮,৫০,০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আবশ্যিকভাবে জমা দিতে হবে।

(মোঃ তাজুল ইসলাম)
উপ-সচিব
পরিচালক (কর্মসংস্থান)
ফোন-৯৩৩৯৭০৫(অফিস)

ফরম-৩

[বিবিধ-৫(১)]

লাইসেন্স নবায়নের আবেদন পত্র
(২০১৭-২০১৯) বৎসরের জন্য)

১.	রিক্রুটিং এজেন্টের নাম ও ঠিকানা।	ঃ	
২.	মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের নাম।	ঃ	
৩.	রিক্রুটিং এজেন্সীর লাইসেন্সের ফটোকপি।	ঃ	
৪.	লাইসেন্স ইস্যুর তারিখ।	ঃ	
৫.	গত ৫ (পাঁচ) বৎসরের কর্মকান্ডের প্রতিবেদন (২ কপিতে সংযুক্ত বিবরণী অনুসারে)	ঃ	
৬.	মহা-পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অনুকুলে প্রদত্ত সরকার কর্তৃক নির্ধারিত পরিমান টাকার ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার।	ঃ	
৭.	মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারের বিরুদ্ধে কোন আদালতে দেওয়ানী বা ফৌজদারী মামলা, অনিষ্পন্ন থাকিলে উহার বিবরণ।	ঃ	
৮.	রিক্রুটিং এজেন্সীর বিরুদ্ধে কোন আদালত কর্তৃক কোনরূপ সাজা প্রদত্ত হইয়া থাকিলে অথবা সরকার বা ব্যুরো কর্তৃক কোন ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহার বিবরণ।	ঃ	

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, উপরের প্রদত্ত তথ্যাবলী সত্য এবং সংযুক্ত দলিলপত্রসমূহ সঠিক।

তারিখ---------------------------

সীলমোহরসহ আবেদনকারীর স্বাক্ষর

Nejamuddin Patwary

রিক্রুটিং এজেন্সীর কার্যাবলীর অগ্রগতির প্রতিবেদন
(০১-০১-২০১১খ্রিঃ হতে ৩১-১২-২০১৫খ্রিঃ পর্যন্ত)

রিক্রুটিং এজেন্সীর নাম ঃ

বর্তমান ঠিকানা ঃ

লাইসেন্স নম্বর ও ইস্যুও তারিখ ঃ

ক) গ্রুপ ভিত্তিক বহির্গমন ছাড়পত্রের বিবরণী ঃ

ক্রম	নিয়োগানুমতির নং ও তারিখ এবং প্রস্তাবিত কর্মীর সংখ্যা	নিয়োগকর্তার নাম ও ঠিকানা	পেশা অনুযায়ী নির্বাচিত প্রার্থীও সংখ্যা	চাকুরীতে যোগদানের জন্য গমনকৃত কর্মীর সংখ্যা	গমনের তারিখ	মোট অর্জিত কমিশন (বৈদেশিক মুদ্রার পরিমাণ)	নির্বাচিত প্রার্থীদের প্রদত্ত সার্ভিস চার্জের হার	এজেন্সীর অফিস পরিবর্তন হয়ে থাকলে মন্ত্রণালয়ের অনুমোদন পত্রের নং ও তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১.									
২.									
৩.									

খ) একক বহির্গমন ছাড়পত্রের বিবরণী ঃ

ক্রম	দেশের নাম	নিয়োগকর্তার নাম ও ঠিকানা	ছাড়পত্র গ্রহনের বছর	বহির্গমন ছাড়পত্রের সংখ্যা	বিদেশ গমনের সংখ্যা	সার্ভিস চার্জের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.							
২.							
৩.							

বিঃ দ্রঃ ছকটি দুই কপি করে জমা দিতে হবে

মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদারের স্বাক্ষর

Nejamuddin Patwary

রিক্রুটিং এজেন্সীর নাম ঃ

ঠিকানা ও লাইসেন্স নং ঃ

বিষয় ঃ বিদেশগামী কর্মীদের নিকট হতে অভিবাসন ব্যয়, কর্মীদের তথ্য সংগ্রহ, কর্মী বাছাই ও চাকুরীর শর্তাবলী সর্ম্পকিত।

ক্রম	বিদেশগামী কর্মীদের ছাড়পত্র গ্রহনের তারিখ / সংখ্যা (দেশ ভিত্তিক)	বিদেশগামী কর্মীদের নিকট হতে জনপ্রতি গৃহীত টাকার পরিমাণ (দেশ ভিত্তিক)	কর্মীদের নিকট হতে গৃহীত টাকা ব্যাংকের মাধ্যমে /সরাসরি গ্রহণ করেছেন কিনা।	কর্মীদের বাছাই ডেমো/ বায়রা হতে করেছেন কিনা	কর্মীদের শর্তাবলী সর্ম্পকে অবহিত করেছেন কিনা।	প্রেরিত কর্মীদের কোন সমস্যা হয়েছে কিনা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

বিঃদ্রঃ বিদেশগামী কর্মীদের নিকট হতে গৃহীত টাকার রশিদ/ব্যাংক ড্রাফটের কপি সংযুক্ত করতে হবে।

স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক এর নাম ও স্বাক্ষর

Nejamuddin Patwary